

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
www.ddm.gov.bd  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৪২

তারিখ: ২৪ বৈশাখ ১৪২৬

০৭ মে ২০১৯

বিষয়: প্রাকৃতিক দুর্যোগে জরুরি সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির সমন্বিত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অদ্য দেশের জেলা প্রশাসন, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাগণের নিকট হতে দেশের কোন জায়গায় কোন প্রাকৃতিক দুর্যোগের কিংবা অগ্নিকান্ড, নৌকাডুবি, বজ্রপাতে বা অন্য কোন দুর্যোগে ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি। দুর্যোগ সংক্রান্ত তথ্য সংগ্রহের কার্যক্রম অব্যাহত রয়েছে।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ

চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দর সমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

০৭/০৫/ ২০১৯ ইং সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস: দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ লঘুচাপের বর্ধিতাংশ গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও তৎসলগ্ন উত্তর বঙ্গোপসাগরে বিরাজমান রয়েছে।

পূর্বাভাসঃ সিলেট বিভাগের দু'এক জায়গায় দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।

তাপপ্রবাহ : টাংগাইল , রংপুর , দিনাজপুর ও সৈয়দপুর অঞ্চলসহ রাজশাহী ও খুলনা বিভাগের উপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে ও বিস্তার লাভ করতে পারে।

তাপমাত্র : সারাদেশের দিনের তাপমাত্র সামান্য বৃদ্ধি পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): উল্লেখ্য যোগ্য পরিবর্তন নেই।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৬.২	৩৪.৪	৩৫.০	৩৪.৫	৩৭.৭	৩৭.৫	৩৭.৬	৩৫.৪
সর্বনিম্ন তাপমাত্রা	২৬.১	২৪.৮	২৫.৫	২১.৩	২৫.৮	২৩.৩	২৬.২	২৬.৩

গতকাল দেশের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা :

সর্বোচ্চ তাপমাত্রা ছিল ঈশ্বরদী ৩৭.৭<sup>o</sup> এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল সিলেট ২১.৩<sup>o</sup> সেঃ।

অগ্নিকান্ডঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার জানান, গতকাল রাত ০৮.৫২ মিনিটের সময় দত্তপাড়া, কলা বাগান রোড, টংগী, গাজীপুরে বিভিন্ন পরিমাপের ২৯টি জুট গোড়াউনে আগুন লাগে। সংবাদ পেয়ে

ফায়ার সার্ভিসের ০৭ টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে গিয়ে রাত ১১.১৩ মিনিটে আগুন নিয়ন্ত্রণে আনে। আজ সকালে ০৬.৩৫মিনিটে আগুন পুরোপুরি নির্বাণ করে। আগুন লাগার কারণ জানা যায়নি। অগ্নিকান্ডে কোন হতাহত হয় নাই।ক্ষয়-ক্ষতির পরিমাণ তদন্ত সাপেক্ষে প্রদান করা হবে বলে জানিয়েছে।

২। ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।



৮-৫-২০১৯

কামরুন নাহার  
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অধিশাখা

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৪২/১(৬৪)

তারিখ: ২৪ বৈশাখ ১৪২৬  
০৭ মে ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ২) পরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৩) পরিচালক, ত্রাণ অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৪) উপপরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৬) জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা



৮-৫-২০১৯

কামরুন নাহার  
ভারপ্রাপ্ত কর্মকর্তা